


### ভূমিকা

ধান গাছ নাইট্রোজেন বা ইউরিয়া, ফসফরাস বা টিএসপি এবং পটাশিয়াম বা পটাশ সার মাটি থেকে বেশি পরিমাণে গ্রহণ করে এবং এর ফলে মাটিতে এই সব সারের ঘাটতি প্রায়ই দেখা যায়। তাই এই সব সার ব্যবহার করলে ধানের ফলন বৃদ্ধি পায়। এই বর্ধিত ফলনের পরিমাণ জানা দরকার।

### ধান উৎপাদনে মাটি ও সারের অবদান

- ▶ ধান ফলনে সারের চেয়ে মাটির ভূমিকা বেশি।
- ▶ আমন মৌসুমে বেশি তাপমাত্রা থাকার কারণে মাটিস্থ গাছের খাদ্য উপাদানের সহজ প্রাপ্যতা বেড়ে যাওয়ায় আমন মৌসুমে সারের পরিমাণ বোরো মৌসুমের চেয়ে কম লাগে।



মৌসুম অনুযায়ী ধান ফলনে মাটি ও সারের শতকরা হার

### ইউরিয়ার অভাবজনিত লক্ষণ

- ▶ পাতা হলদে বর্ণ ধারণ করে।
- ▶ গাছের বাড়-বাড়তি ও কুঁশির সংখ্যা কমে যায়।
- ▶ অভাব যদি কাইচ খোড় পর্যন্ত বিদ্যমান থাকে তবে প্রতি ছড়ায় ধানের সংখ্যা কমে যায়।



### করণীয়

- ▶ চারা ও কুঁশিকে সবল রাখার জন্য এক তৃতীয়াংশ শেষ চাষের সময় এবং দুই তৃতীয়াংশ রোপনের ২১-২৫ দিন পর ও কাইচ খোড় আসার ৫-৭দিন পূর্বে প্রয়োগ করতে হবে।
- ▶ জমিতে ছিপছিপে পানি থাকা অবস্থায় ইফরিয়া সমানভাবে ছিটানোর পর হাতড়িয়ে বা নিড়ানি দিয়ে মাটিতে মিশাতে হবে। যায়।



### টিএসপির অভাবজনিত লক্ষণ

- ▶ পাতা গাঢ় সবুজ বা কালচে সবুজ বর্ণ ধারণ করে।
- ▶ গাছে দেরীতে ফুল আসে।
- ▶ ধান পাকতে দেরী হয়।



### করণীয়

- ▶ গাছের শিকড় বৃদ্ধিতে সহায়ক ভূমিকার জন্য টিএসপি জমিতে শেষ চাষের সময় দেয়া উত্তম।
- ▶ যদি কোন কারণে জমিতে শেষ চাষের সময় এ সার দেয়া না যায় তবে ধান লাগানোর ১৫-২০ দিনের মধ্যে ১ম কিস্তি ইউরিয়া সার উপরি প্রয়োগের সময় দিলে ধানের ফলন কমবে না।



### পটাশের অভাবজনিত লক্ষণ

- ▶ বয়স্ক পাতার আগার দিকে হলদে কমলা বা হলদে বাদামী রং ধারণ করে।
- ▶ পাতায় বাদামী দাগ রোগ দেখা দেয়।



### করণীয়

- ▶ এ সার জমির শেষ চাষের সময় দিতে হয়।
- ▶ হালকা বেলে মাটিতে দুই কিস্তিতে প্রয়োগ করা ভাল।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ১: মডিউল ৫  
ফ্যাক্ট শীট ১৩